

Dc†Rj v cwi vPvZt



vmsMBi Dc†Rjvi qvbvPI

সিংগাইর নামকরণে সমীক্ষায় দেখা যায় সাংস্কৃত শৃঙ্গবের (শৃঙ্গী+বের) শব্দ থেকে রূপান্তরিত হয়ে সিংগাইর শব্দটির উৎপত্তি। উৎপত্তিগত বিশেষভাবে শৃঙ্গবের শব্দটির রূপান্তর ধরো এরূপঃ শৃঙ্গবের>শিঙ্গু এর > সিঙ্গুএর> সিঙ্গাইর। শৃঙ্গবের শব্দটির অপভ্রংশ সিঙ্গুএর থেকে সিংগাইর। শৃঙ্গবের এই মূল শব্দটির অর্থ গুহক চন্দালের নগর। রামায়ণে উল্লিখিত গুহক অর্থ নিষাদরাজ (চন্দাল ও জেলে)। হিন্দু পুরানে উল্লিখিত চন্দাল (চাঁড়াল) অর্থ নিম্নশ্রেণীর হিন্দু সম্প্রদায়। তাই বলা যায়, এখানে কারণ আদিবাসী নিম্ন শ্রেণীর জনবসতি ছিল বলে এর নাম সিঙ্গাইর হয়েছে। বর্তমানে কেউ কেউ সিংগাইর ও লিখা থাকে।

সিংগাইর ও সন্নিহিত অঞ্চলের অধিকাংশে লোক দ্রাবিড় বংশোদ্ভব বলে পরিদৃষ্ট হয়। হাজার হাজার বছর পূর্বে, মধ্য এশিয়া থেকে আগত আর্যদের উন্নত শাসন ব্যবস্থা ও সংস্কৃতির নিকট ক্রমান্বয়ে পরাজিত দ্রাবিড়গণ, উপমহাদেশের দক্ষিণ ও দুর্গম পূর্বাঞ্চলে সরে আসে। হিজরতকারী দ্রাবিড়গণের একাংশ এই অঞ্চলে বসতি স্থাপন করেন। তাদেরই অধস্তন বংশধরেরা বর্তমান সভ্যতা ও সংস্কৃতির ধারক ও বাহক হিসাবে সিংগাইর ও সন্নিহিত অঞ্চলে বসবাস করছেন। এতদঞ্চলের জনপদের প্রাচীনত্ব উল্লেখিত সূত্র থেকে অনুমান করে নেয়া যায়। উপজেলা সদরের দুই মাইল পশ্চিমে চাড়াভাঙ্গা নামক গ্রামে কিছু আদিম জাতীয় অধিবাসীদের অস্তিত্ব এখনো দেখা যায়। স্থানীয় ভাষায় এরা 'বইনা' (অর্থাৎ চমার কৃষ্ণবর্ণ) বলে আখ্যায়িত। এরা আদিম কাল বা ঐরূপ কোন জাতির বংশধর বলে মনে করা হয়। দ্রাবিড় বংশোদ্ভব ব্যতীত আর্য ও সেমিটিক শোণিতবাহী অধিবাসীগণ যুগে যুগে বিভিন্ন শোণিতের সংমিশ্রণে এসে তাদের নিজস্ব দৈহিক সৌষ্ঠব ও চারিত্রিক বৈশিষ্ট্য অক্ষুণ্ন রাখতে পারেনি। এখানে উল্লেখিত দ্রাবিড় ভেডডিডদের

রক্তসম্ভত। কেউ আবার বাঙালিদের সঙ্গে অস্ট্রিকদের সাদৃশ্য খুঁজেছেন। এসব বিষয়ে বিস্তারিত আলোচনা এখানে সম্ভব নয়। তবে সিংগাইরে প্রায় হাজার বছর ধরে মানুষ বাস করে আসছেন এমন ধারণা করা যেতে পারে।

উপজেলার সাধারণ তথ্য ঃ (এক নজরে সিংগাইর উপজেলা)

উপজেলার জনসংখ্যা, আয়তন, ভোটার, প্রশাসনিক একক ইত্যাদি বিষয় একটি সারণীতে এবং শিক্ষা, স্বাস্থ্য, অবকাঠামো, কৃষি ও সেচ মৎস, ভূমি, খাদ্য প্রভৃতি একাধিক সারণীতে তথ্য প্রদান করা হয়েছে। ২১৭.৫৬ বর্গ কিলোমিটার আয়তনের সিংগাইর উপজেলার মোট জনসংখ্যা ২,৮৭,৪৫১ জন।

mvavi Y Z_		
০১	আয়তন	২১৭.৫৬ বর্গ কিলোমিটার
০২	সংসদীয় এলাকা	১৬৯ মানিকগঞ্জ-২
০৩	মোট লোক সংখ্যা	পুরুষ- ১,৪০,৮৩৪জন মহিলা- ১,৪৬,৬১৭জন মোট = ২,৮৭,৪৫১জন
০৪	শিক্ষার হার	৪৬.২০%
০৫	পৌরসভা	০১ টি
০৬	ইউনিয়ন পরিষদ	১১ টি
০৭	গ্রামের সংখ্যা	২৪৫ টি
০৮	মোজার সংখ্যা	১৩৮ টি
০৯	আবাদী জমির পরিমাণ	১৩১১৭ হেক্টর ৩২৩৯৯ একর
১০	অর্থকরী ফসল	ধান, পাট, আঁখ, সবজি ও গাজর
১১	খাদ্য গুদাম	০২ টি
১২	কলেজ	০২ টি
১৩	মাধ্যমিক বিদ্যালয়	২৩ টি
১৪	মাদ্রাসা	০৬ টি
১৫	সরকারি প্রাথমিক বিদ্যালয়	৪৭ টি
১৬	মসজিদ	৩২৯ টি
১৭	মন্দির	১০ টি
১৮	ঈদগাহ মার্ঠ	৫৫ টি
১৯	কবরস্থান	৮৪ টি
২০	দর্শনীয় স্থান	ক) পারিল নওয়াধা হযরত ইব্রাহীম শাহ (রঃ) এর মাজার খ) শহীদ রফিক স্মৃতি যাদুঘর ও পাঠাগার, পারিল (রফিক নগর) বলধারা
২১	পাঁকা রাসস্বা	১৫৭.৯৫ কিলোমিটার
২২	কাঁচা রাসস্বা	৪৩০.৪৬ কিলোমিটার
২৩	স্বাস্থ্য কমপ্লেক্স	০১ টি
২৪	ইউনিয়ন পরিবার কল্যাণ কেন্দ্র	০৭ টি
২৫	কমিউনিটি ক্লিনিক	৩৪ টি (তন্মধ্যে ২৯টি চালু আছে)
২৬	নদীর সংখ্যা	০২ টি (ধলেশ্বরী ও কালীগঙ্গা)
২৭	মোট খাস জমির পরিমাণ	১৯৪০.৬৫ হেক্টর, ১৯১১.৫৫ একর

২৮	হাট- বাজারের সংখ্যা	২৫ টি (১৪২৪ সনের জন্য ইজারাকৃত- ২৫ টি)
২৯	খেয়া ঘাটের সংখ্যা	০৪ টি
৩০	ডাক বাংলো	১ টি
৩১	আবাসন প্রকল্প	০৬ টি (জিয়ানগর আবাসন, উত্তর জামশা আবাসন, সিংগাইর আবাসন, চরসিংগাইর আবাসন-১, চর আজিমপুর আবাসন ও পারিল নওয়াধা আবাসন)
৩২	গুচ্ছগ্রাম/আদর্শ গ্রাম	০২ টি ক) ধলেশ্বরী আদর্শ গ্রাম পরিবার সংখ্যা ১০১ টি, খ) ফোর্ডনগর আদর্শ গ্রাম পরিবার সংখ্যা ৫৫ টি
৩৩	ইট ভাটার সংখ্যা	৪২ টি
৩৪	জলমহাল/খাসপুকুর	১৩ টি
৩৫	ইউনিয়ন ভূমি অফিস	১১ টি
৩৬	ভাতা প্রদান কার্যক্রম	ক) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা- ৩৯৪ জন